

## 💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ জরুরী দো'আ সমূহ (الأدعية الضرورية) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

দো আর গুরুত্ব, ফ্যীলত ও দো আ কবুলের শর্তাবলী

## দো'আর গুরুত্ব:

রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, الدُّعَاءُ هُوَ الْعِبَادَةُ 'দো'আ হ'ল ইবাদত'।[1]

আল্লাহ বলেন,60 عَافِرِي الَّذِيْنَ يَسْتَكْبِرُوْنَ عَنْ عِبَادَتِيْ سَيَدْخُلُوْنَ جَهَنَّمَ دَاخِرِيْنَ (غَافر) – 'তোমরা আমাকে ডাকো, আমি তোমাদের ডাকে সাড়া দিব। যারা অহংকার বশে আমার ইবাদত হ'তে বিমুখ হয়, সত্বর তারা জাহায়ামে প্রবেশ করবে লাঞ্ছিত অবস্থায়'। এখানে 'ইবাদত' অর্থ দো'আ।[2] আল্লাহ আরও বলেন

وَإِذَا سَأَلَكَ عِبَادِي عَنِّي فَإِنِّي قَرِيْبٌ أُجِيْبُ دَعْوَةَ الدَّاعِ إِذَا دَعَانِ فَلْيَسْتَجِيْبُوْا لِي وَلْيُؤْمِنُواْ بِي لَعَلَّهُمْ يَرْشُدُونَ ــ (البقرة 186) ــ

'আমার বান্দারা যখন তোমার কাছে আমার বিষয়ে জিজ্ঞেস করে, তখন বলে দাও যে, আমি তাদের অতীব নিকটবর্তী। আমি আহবানকারীর আহবানে সাড়া দিয়ে থাকি, যখন সে আমাকে আহবান করে। অতএব তারা যেন আমার আদেশ সমূহ পালন করে এবং আমার প্রতি দৃঢ় বিশ্বাস পোষণ করে। যাতে তারা সুপথ প্রাপ্ত হয়' (বাকারাহ ২/১৮৬)।

রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, مَنْ لَمْ يَدْعُ اللهَ سُبْحَانَهُ غَضِبَ عَلَيْهِ 'যে ব্যক্তি মহান আল্লাহকে ডাকে না, তিনি তার উপরে ক্রুদ্ধ হন'। [3] তিনি বলেন, مِنَ الدُّعَاءِ 'মহান আল্লাহর নিকট দো'আর চাইতে অধিক মর্যাদাপূর্ণ বিষয় আর কিছু নেই'।[4]

দো'আর ফ্যীলত : হ্যরত আবু সাঈদ খুদরী (রাঃ) হ'তে বর্ণিত রাসূলুল্লাহ (ছাঃ) এরশাদ করেন, 'মুসলমান যখন অন্য কোন মুসলমানের জন্য দো'আ করে, যার মধ্যে কোনরূপ গোনাহ বা আত্মীয়তা ছিন্ন করার কথা থাকে না, আল্লাহ পাক উক্ত দো'আর বিনিময়ে তাকে তিনটির যেকোন একটি দান করে থাকেন।

- (১) তার দো'আ দ্রুত কবুল করেন অথবা
- (২) তার প্রতিদান আখেরাতে প্রদান করার জন্য রেখে দেন অথবা
- (৩) তার থেকে অনুরূপ আরেকটি কস্ট দূর করে দেন। একথা শুনে ছাহাবীগণ উৎসাহিত হয়ে বললেন, তাহ'লে আমরা বেশী বেশী দো'আ করব। রাসূলুল্লাহ (ছাঃ) বললেন, আল্লাহ তার চাইতে আরও বেশী দো'আ কবুলকারী'।[5] এজন্য সর্বদা পরস্পরের নিকট দো'আ চাইতে হবে।

দো'আ কবুলের শর্তাবলী:

(১) শুরুতে এবং শেষে হামদ ও দরূদ পাঠ করা



- (২) দো'আ আল্লাহর প্রতি খালেছ আনুগত্য সহকারে হওয়া
- (৩) দো'আয় কোন পাপের কথা কিংবা আত্মীয়তা ছিন্ন করার কথা না থাকা
- (৪) খাদ্য-পানীয় ও পোষাক হালাল ও পবিত্র হওয়া
- (৫) দো'আ কবুলের জন্য ব্যস্ত না হওয়া
- (৬) নিরাশ না হওয়া ও দো'আ পরিত্যাগ না করা
- (৭) উদাসীনভাবে দো'আ না করা এবং দো'আ কবুলের ব্যাপারে সর্বদা দৃঢ় আশাবাদী থাকা।

তবে আল্লাহ ইচ্ছা করলে যে কোন সময় যে কোন বান্দার এমনকি কাফের-মুশরিকের দাে'আও কবুল করে থাকেন, যদি সে অনুতপ্ত হৃদয়ে ক্ষমা চায়।

নিয়ম : খোলা দু'হস্ততালু একত্রিত করে চেহারা বরাবর সামনে রেখে দো'আ করবে।[6] দো'আর শুরুতে আল্লাহর প্রশংসা ও রাসূলুল্লাহ (ছাঃ)-এর উপর দর্মদ পাঠ করবে। অতঃপর বিভিন্ন দো'আ পড়বে।[7] যেমন,আল-হামদু লিল্লা-হি রবিবল 'আ-লামীন, ওয়াছছালাতু ওয়াসসালা-মু 'আলা রাসূলিহিল কারীম' বলার পর বিভিন্ন দো'আ শেষে 'সুবহা-না রবিবকা রবিবল 'ইযযাতি 'আম্মা ইয়াছিফূন, ওয়া সালা-মুন 'আলাল মুরসালীন, ওয়াল হামদু লিল্লা-হি রবিবল 'আ-লামীন' পাঠ অন্তে দো'আ শেষ করবে।

দো'আর আদব : (১) কাকুতি-মিনতি সহকারে ও গোপনে হওয়া।[৪] (২) একমনে ভয় ও আকাংখা সহকারে এবং অনুচ্চ শব্দে অথবা মধ্যম স্বরে হওয়া।[9] (৩) সারগর্ভ ও তাৎপর্যপূর্ণ হওয়া।[10]

দো'আ কবুলের স্থান ও সময় : আল্লাহ বলেন, 'তোমরা আমাকে ডাক, আমি তোমাদের ডাকে সাড়া দেব'।[11] এতে বুঝা যায় যে, যে কোন স্থানে যে কোন সময় যে কোন ভাষায় আল্লাহকে ডাকলে তিনি সাড়া দিবেন। তবে ছালাতের মধ্যে আরবী ব্যতীত অন্য ভাষায় দো'আ করা যাবে না। দো'আর জন্য হাদীছে বিশেষ কিছু স্থান ও সময়ের ব্যাপারে তাকীদ এসেছে, যেগুলি সংক্ষেপে বর্ণিত হ'ল :

- (১) কুরআনী দো'আ ব্যতিরেকে হাদীছে বর্ণিত দো'আ সমূহের মাধ্যমে সিজদায় দো'আ করা
- (২) শেষ বৈঠকে তাশাহ্ছদ ও সালামের মধ্যবর্তী সময়ে
- (৩) জুম'আর দিনে ইমামের মিম্বরে বসা হ'তে সালাম ফিরানো পর্যন্ত সময়কালে
- (৪) রাত্রির নফল ছালাতে
- (৫) ছিয়াম অবস্থায়
- (৬) রামাযানের ২১, ২৩, ২৫, ২৭ ও ২৯ বেজোড় রাত্রিগুলিতে
- (৭) ছাফা ও মারওয়া পাহাড়ে উঠে বায়তুল্লাহর দিকে মুখ করে দু'হাত উঠিয়ে
- (৮) হজ্জের সময় আরাফা ময়দানে দু'হাত উঠিয়ে
- (৯) মাশ'আরুল হারাম অর্থাৎ মুযদালিফা মসজিদে অথবা বাইরে স্বীয় অবস্থান স্থলে ১০ই যিলহাজ্জ ফজরের ছালাতের পর হ'তে সূর্যোদয়ের আগ পর্যন্ত দো'আ করা
- (১০) ১১, ১২ ও ১৩ই যিলহাজ্জ তারিখে মিনায় ১ম ও ২য় জামরায় কংকর নিক্ষেপের পর একটু দূরে সরে গিয়ে দু'হাত উঠিয়ে দো'আ করা
- (১১) কা'বাগৃহের ত্বাওয়াফের সময় রুকনে ইয়ামানী ও হাজারে আসওয়াদের মধ্যবর্তী স্থানে।
- (১২) 'কারু পিছনে খালেছ মনে দো'আ করলে, সে দো'আ কবুল হয়। সেখানে একজন ফেরেশতা নিযুক্ত থাকেন। যখনই ঐ ব্যক্তি তার ভাইয়ের জন্য দো'আ করে, তখনই উক্ত ফেরেশতা 'আমীন' বলেন এবং বলেন তোমার



জন্যও অনুরূপ হৌক'।[12] এতদ্ব্যতীত অন্যান্য আরও কিছু স্থানে ও সময়ে।

তিন ব্যক্তির দো'আ নিশ্চিত কবুল হয়:

রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, তিন ব্যক্তির দো'আ নিশ্চিতভাবে কবুল হয়, এতে কোন সন্দেহ নেই

- (১) মাযলুমের দো'আ
- (২) মুসাফিরের দো'আ
- (৩) সন্তানের জন্য পিতার দো'আ।[13] তিনি বলেন, ' তোমরা মাযলূমের দো'আ হ'তে সাবধান থাকো। কেননা তার দো'আ ও আল্লাহর মধ্যে কোন পর্দা নেই'। [14]

## ফুটনোট

- [1] . তিরমিযী, আবুদাউদ প্রভৃতি, মিশকাত হা/২২৩০ 'দো'আ সমূহ' অধ্যায়-৯, পরিচ্ছেদ-২।
- [2] . গাফের/মুমিন ৪০/৬০; 'আওনুল মা'বৃদ হা/১৪৬৬-এর ব্যাখ্যা, 'দো'আ' অনুচ্ছেদ-৩৫২।
- [3] . ইবনু মাজাহ হা/৩৮২৭ 'দো'আ' অধ্যায়-৩৪, 'দো'আর মর্যাদা' অনুচ্ছেদ-১।
- [4] . তিরমিযী, ইবনু মাজাহ, হাদীছ হাসান, মিশকাত হা/২২৩২, 'দো'আ সমূহ' অধ্যায়-৯, পরিচ্ছেদ-২।
- [5] . আহমাদ, হাকেম, মিশকাত হা/২২৫৯ 'দো'আ সমূহ' অধ্যায়-৯; সনদ হাসান -আলবানী; হাদীছ ছহীহ, আহমাদ হাসান দেহলভী, তানকীহুর রুওয়াত ফী তাখরীজি আহাদীছিল মিশকাত (লাহোর: দারুদ দা'ওয়াতিস সালাফিইয়াহ, ১৯৮৩), ২/৬৯ পৃঃ।
- [6] . আবুদাউদ হা/১৪৮৬-৮৭, ৮৯; ঐ, মিশকাত হা/২২৫৬ 'দো'আ সমূহ' অধ্যায়-৯।
- [7] . আবুদাঊদ হা/১৪৮১; তিরমিয়ী, নাসাঈ, মিশকাত হা/৯৩০-৩১ 'ছালাত' অধ্যায়-৪, 'রাসূলুল্লাহ (ছাঃ)-এর উপর দর্নদ পাঠ ও তার ফ্যীলত' অনুচ্ছেদ-১৬; আলবানী, ছিফাত ১৬২ পৃঃ।
- [8] . আ'রাফ ৭/৫৫ ৷
- [9] . আ'রাফ ৭/৫৬, ২০৫; যুমার ৩৯/৫৩-৫৪; ইসরা ১৭/১১০।
- [10] . আবুদাঊদ হা/১৪৮২; ঐ, মিশকাত হা/২২৪৬, 'দো'আ সমূহ' অধ্যায়-৯।
- [11] , গাফের/মুমিন ৪০/৬০।



- [12] . মুসলিম, মিশকাত হা/২২২৮, 'দো'আ সমূহ' অধ্যায়-৯, পরিচ্ছেদ-১।
- [13] . আবুদাউদ, তিরমিযী, ইবনু মাজাহ, মিশকাত হা/২২৫০, 'দো'আ সমূহ' অধ্যায়-৯, পরিচ্ছেদ-২; ছহীহাহ হা/৫৯৬।
- [14] . মুত্তাফারু 'আলাইহ, মিশকাত হা/১৭৭২, 'যাকাত' অধ্যায়-৬, পরিচ্ছেদ-১।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9261

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন